রেজিঃ ডাকযোগে (প্রাপ্তি স্বীকারসহ)

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD


শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd


স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬১৫.২৪-৯১

তারিখঃ ১৫/০৬/১৪৩২ বঙ্গাঃ
৩০/০৯/২০২৫ খ্রিঃ

বিষয়ঃ **বিষয় ঃ চাকুরি হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দন্ড আরোপের নিমিত্ত কারণ দর্শানোর নোটিশ প্রসঙ্গে।**

যেহেতু আপনি জনাব মোঃ মাহফুজার রহমান (আইডি নং-৮৭০২২৩০০১), সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর/পি এ, রংপুর পানি উন্নয়ন সার্কেল-২, বাপাউবো, রংপুর গত ১৬/১১/২০২০ খ্রিঃ তারিখ হতে ২০/০৮/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত বিভিন্ন মেয়াদে মোট ১১৯ দিন এবং পরবর্তীতে গত ২১/১২/২০২৩ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। আপনার দপ্তর কর্তৃক একাধিকবার আপনাকে অনুপস্থিতির কারণে কৈফিয়ত তলব করা হলেও অধিকাংশ কৈফিয়তের কোন জবাব প্রদান করেননি। সংশ্লিষ্ট দপ্তর থেকে আপনার সাথে মুঠোফোনে অনেকবার যোগাযোগ করার চেষ্টা করা হলে আপনার ফোন বন্ধ পাওয়া যায়। এমনকি আপনি ইতোপূর্বে অঙ্গীকার করেন যে, "ভবিষ্যতে আর কখনও আপনি অননুমোদিত অনুপস্থিত থাকবেন না। অননুমোদিত অনুপস্থিত থাকলে আপনার বিরুদ্ধে সরাসরি বিভাগীয় ব্যবস্থা গ্রহন করা হলে আমার কোন আপত্তি থাকবে না"। অথচ আপনি অঙ্গীকার ভঙ্গ করে পুনরায় অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। আপনার এরূপ আচরণ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৮ (ক), (খ) ও (গ) মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ এবং পলায়নের সামিল এবং আপনার ওপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ (১) (খ) মোতাবেক যে কোন দন্ড আরোপযোগ্য।

২। যেহেতু, উপরোক্ত অভিযোগে আপনার বিরুদ্ধে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫২ মোতাবেক কার্যধারা সূচনা করতঃ শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬১৫.২৪-৭৫ তারিখঃ ২৫/০৮/২০২৪ খ্রিঃ এর মাধ্যমে অভিযোগনামা রেজিস্টার ডাকযোগে আপনার কর্মস্থলে এবং স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। একই সাথে আপনার উপর উল্লিখিত দন্ড কেন আরোপ করা হবে না ১০ (দশ) কার্যদিবসের মধ্যে উহার জবাব দাখিলের জন্য অনুরোধ করা হয়। নির্ধারিত সময় অতিক্রান্ত হওয়ার পরও আপনার নিকট থেকে জবাব পাওয়া যায়নি কিংবা জবাব দাখিলের জন্য সময় বৃদ্ধিরও কোন আবেদন করেননি। তৎপ্রেক্ষিতে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী আপনার বিরুদ্ধে অভিযোগনামায় আনীত অভিযোগসমূহ তদন্ত করার জন্য শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০১.২৪-৯৫; তারিখঃ ২২/১০/২০২৪ খ্রিঃ মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা বিষয়টি তদন্ত করতঃ তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র যথাযথ পর্যালোচনান্তে আপনার বিরুদ্ধে গত ১৬/১১/২০২০ খ্রিঃ তারিখ হতে ২০/০৮/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত বিভিন্ন মেয়াদে মোট ১১৯ দিন এবং পরবর্তীতে গত ২১/১২/২০২৩ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ তদন্তে প্রতিষ্ঠিত হয়েছে যা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮(ক) দায়িত্ব পালনে অবহেলা, ৪৮(খ) অসদাচরণ এবং ৪৮(গ) অনুযায়ী পলায়নের সামীল বিধায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী আপনার কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ২১/১২/২০২৩ খ্রিঃ তারিখ হতে আপনার ওপর বাপাউবোর্ডের চাকুরি হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দন্ড চূড়ান্তভাবে আরোপের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৪। সেহেতু, কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক কেন আপনার কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ২১/১২/২০২৩ খ্রিঃ তারিখ হতে আপনার ওপর বাপাউবো বোর্ডের চাকুরি হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হবে না, বর্ণিত প্রবিধানমালার প্রবিধান ৫২ (৬) মোতাবেক ৭(সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২(৫) মোতাবেক তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্তি:- তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি।

৩০/৯/২৫

(মোঃ খুরশীদ আলম)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৭০১০১০১৯

ডায়েরী নং ১৫৪৩
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
অফিস সহঃ কাম-কম্পিউটার
মুদ্রাক্ষরিক

তারিখঃ ২০/১০/২৫
জরুরী/অতি জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
আলোচনা করুন
নথিতে রাখুন

২০/১০/২০২৫
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

অঃপৃঃদ্রঃ

E:\Zakir pc\Zakir, S-1\Order of 2nd showcoesh\Order of 2nd showcoesh.doc8

**প্রাপক,**
জনাব মোঃ মাহফুজার রহমান
(আইডি নং-৮৭০২২৩০০১),
সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর,
রংপুর পওর সার্কেল-২
বাপাউবো, রংপুর।

**আবাসিক ঠিকানা**
জনাব মোঃ মাহফুজার রহমান
বাসা-৩/২, রোড নং- ৬
কেরানীপাড়া, চৌরাস্তা মোড়
সদর, রংপুর।

**স্থায়ী ঠিকানা**
জনাব মোঃ মাহফুজার রহমান
পিতাঃ মোঃ সোলেমান আলী
গ্রামঃ বালদি পাড়া, পোষ্টঃ তাবাকপুর,
উপজেলাঃ উলিপুর, জেলাঃ কুড়িগ্রাম।
জ্ঞাতার্থে/কার্যার্থেঃ-

১. পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানোর নোটিশটি ২ (দুই) টি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণ পূর্বক অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানোর নোটিশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৩. সি, এস, ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।